

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
ঢাকা।

[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]

প্রজ্ঞাপন

তারিখ: ০৭ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ / ২১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও নং-১৪৩-আইন/২০২৩/২২০-মুসক।- মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ৩২ক তে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড ১৩ জুন, ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৮৬-আইন/ ২০১৯/৪৩-মুসক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিলের কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা S০৯৯ ও সেবার কোড S০৯৯.৬০ এবং উহাদের বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

**“অনলাইনে পণ্য বিক্রয়:**

**ব্যাখ্যা।-** “অনলাইনে পণ্য বিক্রয়” বলিতে অনলাইনে খুচরা বিক্রয় বা মার্কেটপ্লেসকে বুঝাইবে, যেখানে-

(১) ‘অনলাইনে খুচরা বিক্রয়’ অর্থ ইলেকট্রনিক নেটওয়ার্ক ব্যবহারের মাধ্যমে সেই সকল পণ্য বা সেবার ক্রয়-বিক্রয় যাহা ইতোপূর্বে কোন উৎপাদনকারী বা সেবা প্রদানকারী বা ব্যবসায়ীর নিকট হইতে মুসক পরিশোধপূর্বক ক্রীত হইয়াছে এবং অনলাইনে খুচরা বিক্রয় কর্তৃক উক্ত ক্রীত পণ্য, মুসক প্রদানপূর্বক সরবরাহ করা হইবে এবং যেক্ষেত্রে উক্ত অনলাইনে খুচরা বিক্রয়কার নিজস্ব কোন বিক্রয়কেন্দ্র নাই;

(২) ‘মার্কেটপ্লেস’ অর্থ ডিজিটাল কমার্স প্ল্যাটফর্ম যাহাতে এক বা একাধিক বিক্রয়কারী কর্তৃক তাহাদের পণ্য বা সেবা সম্পর্কিত তথ্যাদি সন্নিবেশ করা হইয়া থাকে এবং উক্ত প্ল্যাটফর্মের মাধ্যমে সরবরাহ প্রদান হইয়া থাকে অর্থাৎ, এক্ষেত্রে মার্কেটপ্লেস পরিচালনাকারী ব্যক্তি কর্তৃক কোন পণ্য ক্রয় বা বিক্রয় করা হইবেনা এবং তাহাদের কোন বিক্রয়কেন্দ্র থাকিবেনা।

২। এই প্রজ্ঞাপন ০১ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

( মোহাম্মদ হাসমত আলী )

প্রথম সচিব (মুসক নীতি)